

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৭জি-১৩৫(ক-৩)/০৯/১৫৫৫৫/৫

তারিখ: ২০/০৮/১৪২৬বঙ্গাব্দ  
৪/১২/২০১৯খ্রিস্টাব্দ

**বিষয়:** সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন অধ্যক্ষ আবুল হোসেন কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, প্রভাষক (অর্থনীতি) কে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্থনীতি বিষয়ে প্যারটার্নভুক্ত পদে সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন অধ্যক্ষ আবুল হোসেন কলেজের স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, প্রভাষক (অর্থনীতি) কে উচ্চ মাধ্যমিক স্তরের প্রভাষক (অর্থনীতি) পদটি শূন্য হওয়ায় পদ সমন্বয় পূর্বক এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

জনবল কাঠামো- ২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যারটার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, প্রভাষক (অর্থনীতি) কে নিয়োগ প্রক্রিয়া যথাযথ থাকলে জনবল কাঠামো- ২০১৮ এর ৯ (ii) ধারা মোতাবেক উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রভাষক (অর্থনীতি) পদে সমন্বয় করতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বর্ণিত প্রভাষকের নিয়োগ যথাযথ হলে তাঁর এমপিওভুক্তির লক্ষে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪.১২.১৭  
(মো. আবদুল কাদের)  
সহকারী পরিচালক (কলেজ-৩)  
ফোন নং-৯৫৫৬০৫৭  
Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

অধ্যক্ষ আবুল হোসেন কলেজ  
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, অধ্যক্ষ আবুল হোসেন কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
- ৫। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, প্রভাষক (অর্থনীতি), অধ্যক্ষ আবুল হোসেন কলেজ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
- ৬। সংরক্ষণ নথি।